# Times Today BD

সিনিয়র রিপোর্টার | জাতীয় | 11 May, 2025

তেল বিক্রির কমিশন ন্যূনতম ৭ শতাংশ করাসহ ১০ দফা দাবি জানিয়েছে বাংলাদেশ পেট্রোল পাম্প ও ট্যাংকলরি মালিক ঐক্য পরিষদ।দাবি আদায়ে ১২ দিনের আল্টিমেটাম দেওয়া হয়েছে।এর মধ্যে দাবি আদায় না হলে আগামী ২৫ মে কর্মবিরতির ঘোষণা দেওয়া হয়েছে।

রোববার (১১ মে) সকালে ঢাকা রিপোর্টার্স ইউনিটির শফিকুল আলম হলে আয়োজিত এক সংবাদ সম্মেলনে এ ঘোষণা দেন পরিষদের যুগ্ম-আহ্বায়ক সৈয়দ সাজ্জাদুল করিম কাবুল।

দাবিগুলোর মধ্যে রয়েছে, সওজ অধিদপ্তরের ইজারা ভূমির মাশুল আগের মতো বহাল রাখা, নবায়নকালীন সময়ে নির্ধারিত ইজারা মাশুলের পে-অর্ডারসহ আবেদন নির্বাহী প্রকৌশলীর দপ্তরে জমা দিলে সেটিকে নবায়ন হিসেবে গণ্য করা, বিএসটিআইয়ের পূর্বের নিয়ম অনুযায়ী ডিসপেন্সিং ইউনিট স্ট্যাম্পিং ও পরিমাপ যাচাই কার্যক্রম পরিচালনা, আন্ডার গ্রাউন্ড ট্যাংক ক্যালিব্রেশন, ডিপ রড পরীক্ষণ ফিস ও নিবন্ধন প্রথা বাতিল।

এছাড়া বিভিন্ন স্থানে ঘর বা খোলা জায়গায় অবৈধভাবে মেশিন স্থাপন করে জ্বালানি তেল বিক্রি বন্ধ, ডিলারশিপ ছাড়া বিপণন কোম্পানির সরাসরি তেল বিক্রি বন্ধ, ট্যাংক-লরি চালক সংকট মোকাবিলায় চালকদের লাইসেন্স নবায়ন ও নতুন লাইসেন্স ইস্যু প্রক্রিয়া সহজ করা, গাড়ির কাগজপত্র পরীক্ষার নামে রাস্তায় ট্যাংকলরি যত্রতত্র থামানো যাবে না। তেলের ডিপো গেটে কাগজপত্র পরীক্ষার সরকারি সিদ্ধান্ত বাস্তবায়ন করতে হবে এবং আন্তঃজেলা রুট পারমিট ইস্যু করার দাবি জানানো হয়েছে।

সংবাদ সম্মেলনে সৈয়দ সাজ্জাদুল করিম কাবুল জানান, ২০২৫ সালে একাধিকবার জ্বালানি খাতের নানা সমস্যা ও দাবির বিষয়ে সরকারকে অবহিত করা হয়েছে।এ বিষয়ে একাধিক বৈঠক এবং কর্মসূচি ঘোষণা করা হয়।সর্বশেষ গত ২৭ ফেব্রুয়ারি বিপিসি চেয়ারম্যানের সভাপতিত্বে এক বৈঠকে তিনি ২৭ এপ্রিলের মধ্যে সমস্যা সমাধানের আশ্বাস দিলে ব্যবসায়ীরা ঘোষিত কর্মসূচি স্থগিত করেন।তবে আজ ১১ মে পর্যন্ত প্রতিশ্রুতির কোনো বাস্তবায়ন না হওয়ায় ব্যবসায়ীরা চরম হতাশায় পড়েছেন।

সংবাদ সম্মেলনে সৈয়দ সাজ্জাদুল করিম কাবুল জানান, ২০২৫ সালে একাধিকবার জ্বালানি খাতের বিভিন্ন সমস্যার বিষয়ে সরকারকে অবহিত করা হয়েছে।গত ২৭ ফেব্রুয়ারি বিপিসি চেয়ারম্যানের সভাপতিত্বে বৈঠকে ২৭ এপ্রিলের মধ্যে সমস্যা সমাধানের আশ্বাস দিলে ব্যবসায়ীরা ঘোষিত কর্মসূচি স্থগিত করেন।তবে প্রতিশ্রুতি বাস্তবায়ন না হওয়ায় ব্যবসায়ীরা চরম হতাশায় পড়েছেন।

তিনি জানান, এমন অবস্থায় তারা জ্বালানি তেলের ব্যবসা বন্ধ করে দেওয়ার সিদ্ধান্ত নিতে বাধ্য হয়েছেন।তবে শেষ সুযোগ হিসেবে আগামী ২৪ মে পর্যন্ত সময় দিয়ে সরকারকে সব দাবি পূরণের জন্য অনুরোধ জানানো হয়েছে।দাবি মানা না হলে ২৫ মে ভোর ৬টা থেকে দুপুর ২টা পর্যন্ত প্রতীকী কর্মবিরতির ডাক দেওয়া হয়েছে, যার আওতায় সারাদেশে সব পেট্রোল পাম্প ও ট্যাংক-লরি চলাচল বন্ধ থাকবে।

সংবাদ সম্মেলনে বাংলাদেশ পেট্রোল পাম্প ও ট্যাংকলরি মালিক ঐক্য পরিষদের যুগ্ম-আহ্বায়ক মিজানুর রহমান রতন, জুবায়ের আহাম্মেদ

চৌধুরীসহ সব বিভাগীয় তেল ব্যবসায়ী নেতার উপস্থিত ছিলেন।

তেল বিক্রি আল্টিমেটাম পেট্রোল পাম্প

© 2025 TimesToday. All Rights Reserved.

Generated on 28 June, 2025 07:00

URL: https://www.timestodaybd.com/national/2289585599